

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নং - ২২৪১-২০৬০/২২১৯-৮৯৩০

মাননীয়,
বার্তা সম্পাদক

মহাশয়,

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি


১৭-০৬-২০১৯

গত কয়েকদিন যাবৎ রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে একজন অধ্যাপিকাকে তাঁর বিভাগের মধ্যে একটি বিশেষ রাজনৈতিক দলের মদতপুষ্ট দুষ্কৃতিরা শারীরিক ও মানসিকভাবে আক্রমণ করে চলেছে। এই ঘটনার প্রতিবাদে এবং অন্যান্য দাবিদাওয়া নিয়ে কর্মসূচী পালন করার পরের দিন শিক্ষক ও শিক্ষিকাদের দীর্ঘক্ষণ ঘেরাও করে রাখে শিক্ষাকর্মী ও ছাত্রদের একাংশ এবং অত্যন্ত আপত্তিকর ভাষায় সারাক্ষণ শ্লোগান দেয়। এই ঘটনায় সেদিনের নির্ধারিত একটি বিভাগের পরীক্ষাও বানচাল হয়ে যায়। অধ্যাপক সমিতি শিক্ষা ও শিক্ষকের ওপর এই আক্রমণের তীব্রতম ভাষায় নিন্দা করছে এবং দুষ্কৃতিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছে।

প্রসঙ্গত উল্লেখ্য যে ঐ অধ্যাপিকার অসম্মানের প্রতিবাদে এখনও পর্যন্ত চারজন বিভাগীয় প্রধান এবং তিনজন সেন্টারের ডিরেক্টর উপাচার্যের কাছে তাঁদের দায়িত্ব থেকে অব্যাহতি চেয়ে পদত্যাগ পত্র জমা দিয়েছেন। তথাপি কর্তৃপক্ষের উদাসীনতায় আমরা গভীর ভাবে উদ্বেগ।

অধ্যাপক সমিতি এর পরিপ্রেক্ষিতে অবিলম্বে এই শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ রক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছে।

ধন্যবাদ সহ



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪